



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-ওএম/৩৪জিএ/২০০৮(অংশ-১)-**২৪৩৪৫/২৬**

তারিখ: **১৪/১২/২০২০**খ্রি.

বিষয় : মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন।

সূত্র : (ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০৫০.১৬-৪৫৯, তারিখ: ৯/১২/২০২০

(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২০-১৯, তারিখ: ১৬/১১/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ক্র: নং	কর্মসূচি
০১	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে ১৬ ডিসেম্বর ২০২০ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।
০২	মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর অবদান প্রচারের ব্যবস্থা করতে হবে।
০৩	সকল শিক্ষা প্রতিষ্ঠানে ১৬ ডিসেম্বর ২০২০ হতে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান ভার্চুয়াল (অনলাইন) প্ল্যাটফর্ম ব্যবহার করে আয়োজন করতে হবে।
০৪	মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষ্যে (১৫-১৬ ডিসেম্বর-২০২০ উভয় দিন সন্ধ্যা থেকে রাত ১.০০টা পর্যন্ত) প্রতিষ্ঠানসমূহে আলোকসজ্জা করতে হবে।
০৫	শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার/ফেস্টুন/পোস্টারের মাধ্যমে মহান বিজয় দিবসের তথ্য প্রচারের ব্যবস্থা করতে হবে।
০৬	১৬ ডিসেম্বর ২০২০ তারিখ শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে শিক্ষা প্রতিষ্ঠানের মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে স্বাস্থ্য বিধি মেনে সীমিত আকারে বিশেষ মোনাজাত/প্রার্থনা আয়োজন করতে হবে।
০৭	এ দিবসের সাথে সামঞ্জস্যপূর্ণ অন্য যে কোন আয়োজন প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্যবিধি মেনে নিজ উদ্যোগে পালন করতে পারবে।

মহান বিজয় দিবস ২০২০ যথাযথভাবে উদযাপনের জন্য আঞ্চলিক পরিচালক, উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

মহাপরিচালক

ফোন ৪ ৯৫৫৩৫৪২

স্মারক নং-ওএম/৩৪জিএ/২০০৮(অংশ-১)-**২৪৩৪৫/২৬**

তারিখ: **১৪/১২/২০২০**খ্রি.

বিতরণ ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৩। প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৪। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৫। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল), (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৬। উপপরিচালক (সকল), মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৭। উপপরিচালক (কলেজ,সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৮। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৯। জেলা শিক্ষা অফিসার (সকল), (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ১০। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি স্কুল (সকল), (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা), (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ১২। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
- ১৩। প্রশাসনিক/হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, মাউশি অধিদপ্তর সরকারি কর্মচারী কল্যাণ পরিষদ, শিক্ষা ভবন, ঢাকা
- ১৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ১৬। সংরক্ষণ নথি।

২৪/১২/২০২০
(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন-৯৫৫৬৪৩২